

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯০

১৮. व्यवञा-वानिका वधाय (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৮. (ক্রয়-বিক্রয়ে) ইখতিয়ার ও মেয়াদ থাকা সম্পর্কে

باب فِي الْخِيَارِ وَالْعُهْدَةِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ عَنْ هَمَّامٍ عَنْ قَتَادَةً عَنْ الْحَسَنِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عُهْدَةُ الرَّقِيقِ ثَلَاثٌ فَفَسَّرَهُ قَتَادَةُ إِنْ وَجَدَ فِي الثَّلَاثِ عَيْبًا رَدَّهُ بِغَيْرِ بَيِّنَةٍ وَإِنْ وَجَدَهُ بَعْدَ ثَلَاثٍ لَمْ يَرُدَّهُ إِلَّا بِبَيِّنَةٍ

বাংলা

২৫৯০. (অপর সনদে) উকবা ইবনু আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "গোলাম (ক্রয় করার পর ফেরত দেওয়ার) মেয়াদ হলো তিন দিন।" কাতাদা এর ব্যাখ্যা করেছেন যে, যদি তিন দিনের মধ্যে দাস বা দাসীর মধ্যে কোন দোষ-ক্রটি দেখা যায়, তবে ক্রেতা কোন সাক্ষী পেশ করা ব্যতীত তা মালিকের নিকট ফেরত দিতে পারবে। আর যদি তিন দিনের পর কোন দোষ-ক্রটি প্রকাশ পায়, তখন এর জন্য (তথা এর মধ্যে যে এ দোষক্রটি ক্রয় করার সময় বিদ্যমান ছিল, তার) সাক্ষ্য-প্রমাণ ব্যতীত একে ফেরত দিতে পারবে না।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ।

তাখরীজ: এটি আগের হাদীসটির পূনরাবৃত্তি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন